আচরণবিধি না মানলেই প্রার্থিতা বাতিলের ঘোষণা: ইসি আনোয়ারুল ইসলাম



সংগৃহীত ছবি

নির্বাচনের আচরণবিধি ভঙ্গ করলেই প্রার্থিতা বাতিল এবার এমন কঠোর অবস্থানে যাচ্ছে নির্বাচন কমিশন। কমিশনার আনোয়ারুল ইসলাম সরকার স্পষ্ট করে জানিয়েছেন, নিয়ম ভাঙার সুযোগ কোনো ক্ষেত্রেই রাখা হবে না।

সোমবার (১ ডিসেম্বর) নারায়ণগঞ্জ বন্দরের সায়রা গার্ডেনে এক কর্মশালায় তিনি বলেন, নির্বাচন আর 'যেমন তেমন'ভাবে আয়োজন করা হবে না। যেখানে শাস্তির প্রয়োজন হবে জরিমানা হোক বা কারাদণ্ড ম্যাজিস্ট্রেটরা তাৎক্ষণিক ব্যবস্থা নেবেন।

তিনি আরও জানান, আসন্ন নির্বাচনে পোস্টার ব্যবহারের অনুমতি নেই। তফসিল ঘোষণার পর থেকেই এই নিষেধাজ্ঞা কঠোরভাবে কার্যকর করা হবে।

LENS ASIA